

### তৃতীয় দারস

#### তাওহীদে আসমা অসমিয়াতঃ

### الدرس الثالث

#### توحيد الأسماء والصفات

আল্লাহ নিজের যে সমস্ত নাম ও গুণের কথা উল্লেখ করেছেন অথবা তাঁর রাসূল আল্লাহর যে সমস্ত নাম ও গুণাবলী বর্ণনা করেছেন, সেগুলো যথার্থভাবে মেনে নেওয়া। আর এগুলো ঐভাবেই প্রতিষ্ঠিত করা, যেভাবে প্রতিষ্ঠিত করা তাঁর গৌরবময় সত্ত্বার সাথে সামঞ্জস্যপূর্ণ। এর মধ্যে কোন ধরনের বিকৃতি, অস্বীকৃতি, ধরণ বা প্রকৃতি নির্গম্য অথবা সাদৃশ্য পেশ না ক'রে প্রকৃতার্থে তা সুস্মাব্যস্ত করা। আর আল্লাহ নিজের জন্য যা অস্বীকার করেছেন অথবা তাঁর রাসূল তাঁর জন্য যা অস্বীকার করেছেন, তা অস্বীকার করা। আর যার স্বীকৃতি ও অস্বীকৃতি কোন কিছুই সাব্যস্ত নয়, সে ব্যাপারে নীরবতা অবলম্বন করা। তার স্বীকৃতি দেওয়া যাবে না, আবার অস্বীকার করাও যাবে না।

**আল্লাহর সুন্দর নামের কিছু দৃষ্টান্তঃ** আল্লাহ নিজেকে (الله القيوم) তথা চিরঞ্জীব ও সব কিছুর ধারক বলে আখ্যায়িত করেছেন। সুতরাং আমাদের দৃঢ় বিশ্বাস রাখতে হবে যে, (هُوَ) তথা চিরঞ্জীব আল্লাহর একটি নাম বিশেষ। আর এই নাম আল্লাহর যে গুণটি প্রকাশ করছে, তার প্রতিও ঈমান রাখতে হবে। আর সে গুণ হচ্ছে, পরিপূর্ণ জীবন, যার আছে আদি, আর না অন্ত। অনুরূপ আল্লাহ নিজেকে (سميع) বলে আখ্যায়িত করেছেন। সুতরাং আমাদের ঈমান রাখতে হবে যে, (سميع) আল্লাহর একটি নাম বিশেষ। এর অর্থ হচ্ছে সর্বশ্রোতা। আর 'শোনা' আল্লাহর একটি গুণ-এর প্রতিও আমাদেরকে ঈমান আনতে হবে। অর্থাৎ, তিনি শোনেন।